কৃষিই সমৃদ্ধি

# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

কৃষি ভবন
৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০
জনসংযোগ বিভাগ
www.badc.gov.bd

স্মারক নং-১২.২০৭.০১৭.০০.০০.০৭৪.২০১৪.৫৩০

তারিখ: ১৮ কার্তিক ১৪২৮ / ০৩ নভেম্বর ২০২১

## সংবাদ বিজ্ঞপ্তি

### কৃষি ও কৃষকের উন্নয়নের জন্য বর্তমান সরকার কাজ করছে

-বিএডিসি'র সেমিনাওে কৃষি মন্ত্রণালয়ের সিনিয়র সচিব

কৃষি মন্ত্রণালয়ের সিনিয়র সচিব বলেন, আমাদেও জনসংখ্যা বাড়ার সাথে সাথে খাদ্য উৎপাদন বৃদ্ধি করতে হবে। কম পানি দিয়ে বেশি ফসল উৎপাদন করতে হবে। খাদ্য উৎপাদনে বিএডিসি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। খাদ্য নিরাপত্তা নিশ্চিতকল্পে বিএডিসি কৃষকদের মাঝে উন্নত মানের বীজ, সার ও সেচ সেবা সরবরাহ কওে যাচ্ছে। কৃষি ও কৃষকের উন্নয়নের জন্য বর্তমান সরকার কাজ করছে।

আজ ০৩ নভেম্বও, ২০২১ তারিখ রোজ বুধবার সকাল ১০.০০ ঘটিকায় রাজধানীর শেরেবাংলা নগর মানিক মিয়া এভিনিউ এর বিএডিসি'র সেচ ভবনস্থ অডিটরিয়ামে "হাইড্রো-জিওলজিক্যাল ইনভেস্টিগেশন অব গ্রাউন্ড ওয়াটার রিসোর্সেস এসেসমেন্ট ফর সাসটেইনেবল ডেভেলপমেন্ট অব মাইনর ইরিগেশন" শীর্ষক সেমিনাওে প্রধান অতিথির বক্তব্যে কৃষি মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোঃ মেসবাহুল ইসলাম এসব কথা বলেন। বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) এর ক্ষুদ্রসেচ উন্নয়নে জরিপ ও পরিবীক্ষণ ডিজিটালাইজেশনকরণ প্রকল্পের আওতায় আয়েজিত এ সেমিনাওে সভাপতিত্ব করেন বিএডিসি'র ভারপ্রাপ্ত চেয়ারম্যান (অতিরিক্ত সচিব) ড. এ কে এম মুনিরুল হক।

সেমিনাওে স্বাগত বক্তব্য রাখেন বিএডিসি'র সদস্য পরিচালক (ক্ষুদ্রসেচ) প্রকৌশলী জনাব মোঃ জিয়াউল হক। মূল প্রবন্ধ উপস্থাপন করেন ইনস্টিটিউট অব ওয়াটার মডেলিং (আইডব্লিউএম) এর নির্বাহী পরিচালক জনাব আবু সালেহ খান। মূখ্য আলোচকের বক্তব্য রাখেন বুয়েটের পানি ও বন্যা ব্যবস্থাপনা ইনস্টিটিউটের অধ্যাপক ড. মাসফিকুস সালেহীন ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূতত্ত্ব বিভাগের অধ্যাপক ড. কাজী মতিন উদ্দিন আহমেদ। সেমিনারে উপস্থিত ছিলেন বিএডিসি'র সদস্য পরিচালক (অর্থ) জনাব মোঃ আমিরুল ইসলাম, সদস্য পরিচালক (বীজ ও উদ্যান) জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, বিএডিসি'র সচিব জনাব মোঃ আশরাফুজ্জামানসহ কৃষি মন্ত্রণালয় ও অধীনস্থ সংস্থাসমূহের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

সেমিনাওে প্রধান অতিথির বক্তব্যে কৃষি মন্ত্রণালয়ের সিনিয়র সচিব বলেন, খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে হলে ধান উৎপাদন বৃদ্ধি করতে হবে। পানি ব্যবস্থাপনা বাংলাদেশের প্রায় ১৭ কোটি মানুষের খাদ্যেও সাথে ওতপ্রোতভাবে জড়িত। ধান উৎপাদনের জন্য আমরা সেচের ওপর বেশি নির্ভরশীল। পানির সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে খাদ্য উৎপাদন স্বাভাবিক রাখার পাশাপাশি উ□□□□ত্ত করতে হবে। স্টাডির মাধ্যমে যেখান থেকে পানি তোলা যায় সেখান থেকে পানি তুলে সেচের আওতা বাড়াতে হবে। বিএডিসি, বিএমডিএ ও পানিসম্পদ মন্ত্রণালয় সেচ নিয়ে কাজ করছে। স্টাডিতে উদ্দেশ্য এবং ফলাফল সুনির্দিষ্ট কওে রির্পোটটি এমনভাবে তৈরি করতে হবে যাতে সবাই এর সুফল ভোগ করতে পারে।

স্বাক্ষরিত
(মোঃ জুলফিকার আলী)
জনসংযোগ কর্মকর্তা
বিএডিসি, ঢাকা
ফোন: ৯৫৫২২৫৬
ই-মেইল: prdbadc@gmail.com


কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)
Hydro-Geological Investigation of Groundwater Resou
ssessment
for Sustainable Development of Minor Irrig
শীর্ষক
সেমিনার